গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর
এবং
সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, জুন ৩০, ২০১৮-২০১৯

# মন্ত্রণালয়/বিভাগের কর্ম সম্পাদনের সার্বিক চিত্র

**(Overview of the Performance of the Ministry/Division)**

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

**সাম্প্রতিক বছরসমূহের ০৩ (তিন) বছরের প্রধান অর্জনসমূহঃ**

- **নিরীক্ষা কার্য সম্পাদনঃ** ৫৫৫টি নিরীক্ষাযোগ্য ব্যয়কেন্দ্র বা অফিসের মধ্যে ৩০৯ টি ব্যয়কেন্দ্র বা অফিসের আয়-ব্যয়ের হিসাবসহ সার্বিক কার্যক্রম নিরীক্ষা করা হয়েছে। নিরীক্ষা কার্য সম্পাদন করে ২,১০৬টি অডিট আপত্তি উত্থাপন করা হয়েছে যার বিপরীতে জড়িত অর্থের পরিমাণ ১৭৪৪.৯৪ কোটি টাকা।
- **অডিট আপত্তি নিষ্পত্তিঃ** দ্বি-পক্ষীয়, স্থায়ী অডিট কমিটির সভার সুপারিশ, ব্রডশীট জবাব পরীক্ষা-নিরীক্ষা করে ৭৯২৭টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে ।
- **অডিট আপত্তির ফলে অনিয়মিতভাবে ব্যয়িত অর্থ আদায়ঃ** নিষ্পত্তিকৃত আপত্তির বিপরীতে ৩৭.৩৫ কোটি টাকা আদায় করে তা সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে।
- **প্রশাসনিক কার্যক্রমঃ** দপ্তরের কর্মচারীদের দীর্ঘদিনের জ্যেষ্ঠতার তালিকার জটিলতার অবসান ঘটিয়ে সবার মতামতের ভিত্তিতে বিধি সম্মতভাবে জ্যেষ্ঠতার তালিকা চূড়ান্ত করা হয়েছে।

- **চ্যালেঞ্জসমূহ**
  অডিট আপত্তির পরিমাণ হ্রাস করা;

**ভবিষ্যৎ পরিকল্পনা**

- ✓ পুঞ্জিভূত অডিট আত্তিসমূহের ডাটাবেইজ প্রস্তুতকরণ
- ✓ পুঞ্জিভূত অডিট আপত্তিসমূহের ব্রডশীট জবাব, দ্বি-পক্ষীয়, স্থায়ী অডিট কমিটির সভার মাধ্যমে নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ
- ✓ সংস্থাভিত্তিক অডিট রির্পোট প্রণয়ন
- ✓ কম্পিউটারাইজড অডিট কার্যক্রম প্রচলন
- ✓ নিরীক্ষা কার্যক্রম আধুনিকীকরণ করা
- ✓ প্রতিবেদনসমূহের অনলাইন সিস্টেম চালুকরণ

**২০১৮-১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ✓ অডিট সম্পাদনের মাধ্যমে ব্যয় সংকোচন নীতি এবং সরকারী সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা
- ✓ ব্যয় কেন্দ্রসমূহকে ব্যয় সাশ্রয়ী দক্ষ প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত করা
- ✓ নিষ্পত্তির মাধ্যমে অডিট আপত্তির পরিমাণ হ্রাস করা

# উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, অনুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প- ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে

অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তরের প্রতিনিধি হিসাবে

**পরিচালক**

এবং

**সচিব**

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

এর মধ্যে ২০১৮ সালের □□□ মাসের □৪তারিখ এই বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল। এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## সেকশন-১

## বিভাগের/মন্ত্রণালয়(Ministry) রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ ( Objectives Strategic ) এবং কার্যাবলী (Functions )

### ১.১ রূপকল্প (Vision)

ব্যয় সাশ্রয়ী, স্বচ্ছ, জবাবদিহিতাপূর্ণ আর্থিক প্রশাসন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

কার্যকর নিরীক্ষার মাধ্যমে সরকারী সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা, জবাবদিহিতা প্রতিষ্ঠাপূর্বক প্রতিষ্ঠানসমূহকে ব্যয় সাশ্রয়ী দক্ষ প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) :

১.৩.১ সরকারের আর্থিক অপচয় রোধ করা।

### ১.৪ কার্যাবলি:( Functions)

১.৪.১ সরকারের আয়-ব্যয়ের নিরীক্ষাকার্য সম্পাদন করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন প্রতিষ্ঠায় সার্বিক সহায়তা করা;

১.৪.২ কার্যকর নিরীক্ষার মাধ্যমে সরকারী আর্থিক ব্যবস্থাপনার সকল পর্যায়ে অনিয়ম ও দূর্নীতি রোধে সহায়ক ভূমিকা পালন করা;

১.৪.৩ আর্থিক এবং হিসাব সংক্রান্ত বিধি-বিধান ও পদ্ধতি সঠিকভাবে পরিপালন করা হইয়াছে কিনা তাহা যাচাই করা;

১.৪.৪ বৈদেশিক সাহায্য প্রাপ্ত অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সঠিকভাবে প্রতিপালন করা হইয়াছে কিনা তাহা যাচাই করা;

১.৪.৫ বিভিন্ন অফিসে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে এবং সময়মত ব্যবহৃত হইয়াছে কিনা তাহা যাচাই করা;

১.৪.৬ সাসপেন্স হিসাবের অধীনে বরাদ্দের অতিরিক্ত খরচ নিরসনের জন্য সঠিক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা তাহা নির্দিষ্ট করা;

১.৪.৭ বাস্তবায়নাধী কার্যাদি/প্রকল্পসমূহের অগ্রগতি সংশ্লিষ্ট তথ্যাদির ভিত্তিতে করা হইয়াছে কিনা তাহা যাচাই করা;

১.৪.৮ কার্য সম্পাদন/বাস্তবায়নের ক্ষেত্রে কোন ত্রুটি-বিচ্যুতি, সীমাবদ্ধতা এবং দূর্বলতা থাকিলে তাহা পরীক্ষা-নিরীক্ষা করিয়া নিরসনের বিষয়ে পরামর্শ প্রদান করা;

১.৪.৯ বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিএন্ডএজি) এর কার্যালয় কর্তৃক শতকরা ১০ ভাগ নমুনা নিরীক্ষার পাশাপাশি ১০০ ভাগ নিরীক্ষা কার্যক্রম পরিচালনার দায়িত্ব পালন করা;

১.৪.১০ বিভিন্ন সংস্থা/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার মজুদ ব্যবস্থাপনা ও সার্বিক কাজ সরেজমিনে যাচাইয়ের দায়িত্ব পালন করা।

আমি, পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর হিসেবে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর প্রতিনিধি তথা সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

পরিচালক
অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

□৪/□□/□□□৮
........................................
তারিখ

সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

□৪/□□/□□□৮
........................................
তারিখ